

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০১ (প্রশাসন)
www.techedu.gov.bd
এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং: নম্বর : ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৭.২১- ২০৬

তারিখঃ ২৩ মে, ২০২২ খ্রি.

- বিষয়** : “কারিগরি শিক্ষা অধিদপ্তরের উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা কার্যক্রমের জানুয়ারি-জুন, ২০২২ মেয়াদে উপবৃত্তির তালিকা কারিগরি শিক্ষা অধিদপ্তরের কেন্দ্রীয় কমিটি কর্তৃক অনুমোদন” বিষয়ক সভার কার্যবিবরণী।
- সভাপতি** : ড. মোঃ ওমর ফারুক, মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- তারিখ ও সময়** : ২৩ মে, ২০২২ খ্রি., সময় : সকাল ১০ ঘটিকা।
- সভার স্থান** : মহাপরিচালকের সম্মেলন কক্ষ, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- সভার উপস্থিতি** : পরিশিষ্ট ‘ক’

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কারিগরি শিক্ষা অধিদপ্তরের পরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ন/পিআইইউ) উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা কার্যক্রমের জানুয়ারি-জুন, ২০২২ মেয়াদে উপবৃত্তির তালিকা নিয়ে আলোকপাত করেন। কেন্দ্রীয় কমিটি কর্তৃক উপবৃত্তির তালিকা অনুমোদন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত
১	কারিগরি শিক্ষা অধিদপ্তরের ৮টি আঞ্চলিক পরিচালকের কার্যালয় হতে প্রেরিত ২,০২,৯৩৭ জন শিক্ষার্থীর তথ্য যাচাই করে ৬৩০ জন শিক্ষার্থীর তথ্য ভুল পাওয়া যায়। যা বাতিল করে সর্বমোট ২,০২,৩০৭ জন শিক্ষার্থীর তথ্যযুক্ত তালিকা চূড়ান্ত করা হয়। বর্নিত শিক্ষার্থী সংশ্লিষ্ট তথ্যাদি অনুমোদনের বিষয়ে সভার সদস্যগণ একমত প্রকাশ করেন।	সর্বমোট ২,০২,৩০৭ জন শিক্ষার্থীর তথ্যযুক্ত তালিকা চূড়ান্ত করা হলো।
২	কারিগরি উপবৃত্তি কার্যক্রমের আওতাধীন বেসরকারি প্রতিষ্ঠানসমূহের এফিলিয়েশন ও পাঠদানের অনুমতি সংক্রান্ত বিষয়সমূহ যাচাইয়ের জন্য উপবৃত্তির তালিকা চূড়ান্তকরণ সংক্রান্ত পরবর্তী সভাসমূহে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পরিদর্শক-কে সভায় আমন্ত্রণ জানানোর বিষয়ে সভাপতি অভিমত প্রকাশ করেন। এ বিষয়ে উপস্থিত সকল সদস্য একমত প্রকাশ করেন।	বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পরিদর্শক-কে পরবর্তী সংশ্লিষ্ট সভাসমূহে আমন্ত্রণ জানানো হবে।
৩	আঞ্চলিক পরিচালকের কার্যালয় কর্তৃক উপবৃত্তির তথ্য যাচাই বাছাই করার সুবিধার্থে প্রতিষ্ঠানসমূহকে একটি Google Form প্রেরণ করা যেতে পারে। প্রতিষ্ঠান প্রধানগণ শিক্ষার্থীর সংখ্যা উল্লেখ করে উক্ত ফর্ম পূরণ করবে। আঞ্চলিক কার্যালয়সমূহ পরবর্তী কার্যক্রমের জন্য তথ্যাবলী সংরক্ষণ করবে। এ বিষয়ে সভার সদস্যগণ একমত প্রকাশ করেন।	Google Form এর মাধ্যমে তথ্য সংগ্রহের জন্য পরবর্তী মেয়াদে উপবৃত্তি প্রদানের সময় আঞ্চলিক পরিচালকের কার্যালয়ে নির্দেশ প্রদান করা হবে।

-৪-

২। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



ড. মোঃ ওমর ফারুক
মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর

২৬/০৫/২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। পরিচালক (প্রশাসন/ ভোকেশনাল/ পলিটেকনিক (পিআইডব্লিউ)/ পিআইইউ/ পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর;
- ২। সহকারি পরিচালক -১, কারিগরি শিক্ষা অধিদপ্তর;
- ৩-৪। সহকারি পরিচালক (ভোকেশনাল-১ ও ২), কারিগরি শিক্ষা অধিদপ্তর;

অনুলিপি:

- ১। প্রকল্প পরিচালক, ১০০ উপজেলায় ১০০টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্প;
- ২। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, (সকল);
- ৩। প্রোগ্রাম এন্ডিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS & iBAS++ স্কিম, রমনা, ঢাকা;
- ৪। সংযুক্ত কর্মকর্তা, উপবৃত্তি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৫। সহকারি পরিচালক-১০ (অডিট ও উপবৃত্তি);
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর (কার্যবিবরণীটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৭। নথি।